

122

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

শিক্ষক সমিতির নির্বাচনে ১৫ জনের মধ্যে  
১০ জনই জাতীয়তাবাদী প্যানেল থেকে জয়ী

মানিক মনির ।। ১৯৯৮ সালের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাহী পরিষদ বিনা নির্বাচনে সর্বসম্মতিক্রমে গঠন করা হয়েছে। ১ বছরের জন্য নির্বাচিত এ নির্বাহী পরিষদে ১৫ জন শিক্ষক প্রতিনিধির মধ্যে ১০ জনই জাতীয়তাবাদী মনোভাবাপন্ন শিক্ষক রয়েছেন এবং বাকী ৫ জন আওয়ামী মনোভাবাপন্ন বলে জানা গেছে। জাতীয়তাবাদী শিক্ষকদের মধ্যে সামান্য মতদ্বৈততার কারণে তারা এককভাবে প্যানেল দিতে পারেননি বলে শেষ পর্যন্ত এ যৌথ প্যানেল দিতে হয়েছে। শিক্ষক সমিতির নবনির্বাচিত একজন শিক্ষকের সাথে কথা বলে জানা গেছে যে, জাতীয়তাবাদী শিক্ষকগণ ইচ্ছা করলে একক প্যানেল দিয়ে জয়লাভ করতে পারতেন। কিন্তু তার পরেও তারা সভাপতি, কোষাধ্যক্ষ এবং যুগ্ম সম্পাদকসহ মোট ১০টি পদে রয়েছেন। অপরদিকে সহ-সভাপতি এবং সাধারণ সম্পাদকসহ মোট ৫টি পদ পেয়েছেন আওয়ামী মনোভাবের শিক্ষক গ্রুপ।

নির্বাচিত নির্বাহী কমিটির সভাপতি হয়েছেন অধ্যাপক জসীম উদ্দিন আহমেদ (রসায়ন) এবং সাধারণ সম্পাদক হয়েছেন শেখ মোহাম্মদ মঞ্জুরুল হক (ভূগোল ও পরিবেশ বিজ্ঞান)। এছাড়াও শিক্ষক সমিতির অন্য নির্বাচিত প্রতিনিধিগণ হলেন- সহ-সভাপতি পদে মোঃ সিরাজুল ইসলাম (দর্শন), যুগ্ম সম্পাদক পদে মোঃ শামছুল আলম সেলিম (সরকার ও রাজনীতি), কোষাধ্যক্ষ পদে ডঃ মোঃ রবিউল ইসলাম (রসায়ন) এবং ১০টি সদস্য পদে- ডঃ এনামুল হক খান (ইতিহাস), সৈয়দ আব্দুল হাই (অর্থনীতি), ডঃ মোঃ আবুল হোসেন (পদার্থ বিজ্ঞান), ডঃ মোঃ দিলদার হোসেন (পদার্থ বিজ্ঞান), অধ্যাপক মোহাম্মদ সলিমউল্লাহ খান (সরকার ও রাজনীতি), ডঃ কাজী আব্দুস সামাদ (পরিসংখ্যান), ডঃ সৈয়দ মোহাম্মদ কামরুল আহসান (প্রত্নতত্ত্ব), মোঃ হারুন অর রশীদ খান (নাটক ও নাট্যতত্ত্ব), ডঃ মোঃ মোজাম্মেল হক (প্রত্নতত্ত্ব) এবং মিসেস সোমা মমতাজ (নাটক ও নাট্যতত্ত্ব) নির্বাচিত।

১১-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

জাহাঙ্গীরনগর বিশ্বঃ  
শেখের পাতার পর  
হয়েছেন। চলতি মাসের ৩ তারিখ থেকে মূলত নির্বাচনের কার্যক্রম শুরু হয়। এর মধ্যেই বিভিন্ন মতাদর্শের শিক্ষকবৃন্দ আলাপ-আলোচনার মাধ্যমে শুধু একটি প্যানেলই নির্বাচন কমিশন বরাবর পেশ করেন। নির্বাচনের জন্য কোন পদে অন্য কোন প্রতিদ্বন্দ্বী না থাকায় নির্বাচন কমিশন উল্লেখিত প্রার্থীগণকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় তাদের নিজ নিজ পদসমূহে নির্বাচিত বলে ঘোষণা করেন।